# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৬৪

১/ বিবিধ

আরবী

المدبر لا يباع ولا يوهب، وهو حر من الثلث

موضوع

أخرجه الدارقطني (ص 384) والبيهقي (10 / 314) عن عبيدة بن حسان عن أيوب عن نافع عن ابن عمر مرفوعا، وقال الدارقطني: لم يسنده غير عبيدة بن حسان وهو ضعيف، وإنما هو عن ابن عمر موقوف من قوله

قلت: وعبيدة هذا بالفتح، قال أبو حاتم: منكر الحديث، وقال ابن حبان (2 /189) : يروي الموضوعات عن الثقات

قلت: وهذا منها بلا شك فقد صح أنه صلى الله عليه وسلم باع المدبر، فقال جابر رضي الله عنه: إن رجلا من الأنصار أعتق غلاما له عن دبر لم يكن له مال غيره، فبلغ ذلك النبي صلى الله عليه وسلم، فقال: من يشتريه مني؟ فاشتراه نعيم بن عبد الله بثمان مئة درهم، فدفع إليه، رواه البخاري (5 / 25) ومسلم (5 /97) وغيرهما، وهو مخرج في " الإرواء " (1288) ، والحديث روى منه ابن ماجه (2 / 104) والعقيلي (297) والدارقطني والبيهقي من طريق علي بن ظبيان عن عبيد الله نافع عن ابن عمر مرفوعا بلفظ: " المدبر من الثلث "، وقال ابن ماجه: سمعت ابن أبي شيبة يقول: هذا خطأ، قال ابن ماجه: ليس له أصل

قلت: يعني مرفوعا وقال العقيلي: لا يعرف إلا به، يعني علي بن ظبيان، قال ابن معين: ليس بشيء، وقال البخاري: منكر الحديث، وقال ابن أبي حاتم في " العلل " (2 / 432)

: سئل أبو زرعة عن حديث رواه علي بن ظبيان عن عبيد الله قلت: فذكره، فقال أبو زرعة: هذا حديث باطل وامتنع من قراءته، ثم أشار ابن أبي حاتم إلى أنه من قول ابن عمر موقوفا عليه ولهذا قال ابن الملقن في " الخلاصة " (179 / 1) : وأطبق الحفاظ على أن الصحيح رواية الوقف
ورواه أبو داود في " المراسيل " (351) عن أبي قلابة مرسلا، ومع إرساله فيه عمر بن هشام القبطي، مجهول
ومنه يتبين خطأ السيوطي في إيراده الحديث في " الجامع " بلفظيه

বাংলা

১৬৪। মুদাব্বার দাস (যাকে তার মালিক নিজের মৃত্যুর পর মুক্ত করার ঘোষণা দিয়েছে) বিক্রি করা যাবে না, হেবা করাও যাবে না, এক তৃতীয়াংশ হতে সে স্বাধীন (মুক্ত)।

হাদীসটি জাল।

হাদীসটি দারাকুতনী (পৃঃ ৩৮৪) ও বাইহাকী (১০/৩১৪) আবীদা ইবনু হাসসান হতে, তিনি আইউব হতে ... বর্ণনা করেছেন। দারাকুতনী বলেনঃ আবীদা ছাড়া অন্য কেউ এটিকে মুসনাদ হিসাবে বর্ণনা করেননি। আর আবীদা হচ্ছেন দুর্বল। এটি ইবনু উমার (রাঃ) হতে মওকুফ হিসাবেও বর্ণিত হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ আবু হাতিম বলেনঃ আবীদা মুনকারুল হাদীস। তার সম্পর্কে ইবনু হিব্বান (২/১৮৯) বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন। নিঃসন্দেহে এটি সে সব জালগুলোর একটি। কারণ বুখারী (৫/২৫) এবং মুসলিম শরীফে (৫/৯৭) জাবের (রাঃ) হতে বর্ণিত হয়েছে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজে মুদাব্বার দাস বিক্রি করেছেন।

আলোচ্য হাদীসটি ইবনু মাজাহ্ (২/১০৪), উকায়লী, দারাকুতনী ও বাইহাকী আলী ইবনু যিবইয়ান সূত্রে বর্ণনা করেছেন। অতঃপর ইবনু মাজাহ বলেছেনঃ এর কোন ভিত্তি নেই। অর্থাৎ মারফূ' হিসাবে।

উকায়লী বলেনঃ আলী ইবনু যিবইয়ান ছাড়া অন্য কোন মাধ্যমে এটি জানা যায় না। তার সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি কিছুই না। বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৪৩২) বলেনঃ আবু যুরয়াহকে এ 'আলীর হাদীস সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, তিনি বলেনঃ এ হাদীসটি বাতিল, তা পাঠ করা হতে বিরত থাক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5425

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন